

জরুরী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.৩৬.০৩৬.২০১৬- ১৩৫৩

তারিখঃ ২০/১২/২০১৬


বিষয় : স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ৪৯০টি উপজেলা পরিষদে ই-জিপি চালুকরণ।

সূত্রঃ পরিকল্পনা মন্ত্রণালয়ের স্মারক নং-১৫২, তারিখঃ ২০/১১/২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিসভা বৈঠকের ১৬ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় ই-টেন্ডারিং পদ্ধতি প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ৪৯০টি উপজেলা পরিষদে ই-টেন্ডারিং পদ্ধতি চালুকরণের লক্ষ্যে উপজেলা পরিষদ কর্তৃক পূরণকৃত Central Procurement Technical Unit (CPTU) এর নির্ধারিত ফরম প্রেরণ করা হয়েছে। তদ্ব্যপেক্ষিতে ২৭৯টি উপজেলা ই-জিপিতে তালিকাভুক্ত হয়েছে। কিন্তু একাধিক সূত্রে অনুরোধ করার পরও অদ্যাবধি তাঁর উপজেলা পরিষদ হতে Central Procurement Technical Unit (CPTU) এর নির্ধারিত ফরম প্রেরণ করা হয়নি। ফলে তাঁর পরিষদকে ই-জিপিতে অন্তর্ভুক্ত করা যায়নি। উল্লেখ্য যে, ৩০ ডিসেম্বর, ২০১৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ই-জিপিতে অন্তর্ভুক্ত হতে হবে।

এমতাবস্থায়, উপজেলা পরিষদে ই-জিপি পদ্ধতি চালুকরণের লক্ষ্যে তাঁর উপজেলা পরিষদ কর্তৃক পূরণকৃত Central Procurement Technical Unit (CPTU) এর নির্ধারিত ফরমসহ সিপিটিইউতে যোগাযোগকরতঃ অগ্রগতি আগামী ০৩ কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় অর্থ বরাদ্দ বন্ধসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তঃ বর্ণনামতে।


(লুৎফুন নাহার) ২০/১২/১৬
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

বিতরণঃ কার্যার্থে-

১. চেয়ারম্যান,.....উপজেলা পরিষদ,.....জেলা।
২. উপজেলা নির্বাহী অফিসার,.....জেলা-.....।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।